

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০২৫.২৪ নথির বিষয়: Procurement of 40" dia MS Manhole cover for water Transmission network of SWTP. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Procurement of 40" dia MS Manhole cover for water Transmission network of SWTP. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:২৬ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর আওতায় প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। উক্ত পানির লাইনে বিভিন্ন ধরনের ভাঙ্গ চেম্বারে (এয়ার ভাল্ভ, প্রেসার রিডিউসিং ভাঙ্গ, গেট ভাঙ্গ, বাটারফ্লাই ভাঙ্গ, ওয়াসআউট ভাঙ্গ) রয়েছে। প্রতিটি ভাঙ্গ চেম্বার আর.সি.সি ঢালাই দ্বারা নির্মিত এবং চেম্বারের টপ স্ল্যাবের উপর কাস্ট আয়রন (সি.আই)/মাইল্ড স্টীল (এম.এস) ধরনের ম্যানহোল কভার রয়েছে। ঢাকা শহরে ফ্লাই-ওভার, আভারপাস, এলিভেটেড এক্সপ্রেস ওয়ে, ওভারপাস প্রভৃতি অবকাঠামো নির্মাণকালে পানির লাইনের বিভিন্ন ভাঙ্গ চেম্বারের অনেক ম্যানহোল কভার ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ম্যানহোল কভার গুলি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় অনেক ম্যানহোল কভার ভেঙ্গে গেছে এবং কিছু ম্যানহোল কভার চুরি হয়েছে। এরূপ ক্ষতিগ্রস্ত ম্যানহোল কভার গুলো সাংপাঃশোঃ ভাঙারে মজুদকৃত ম্যানহোল কভার দ্বারা প্রতিস্থাপিত করা হয়ে থাকে। বর্তমানে সাংপাঃশোঃ ট্রান্সমিশন লাইনের ই-পিআরডি ও ফ্লোমিটার স্থাপন কাজ চলমান আছে। ইতিমধ্যে ৪৭টি ই-পিআরডি স্থাপন কাজ শেষ হয়েছে এবং আরও ০৭ টি ই-পিআরডি ও ০২টি ফ্লোমিটার স্থাপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ই-পিআরডি ও ফ্লোমিটার গুলো অধিক মূল্যবান এর সাথে আরটিইউ ইউনিট ও ব্যাটারি থাকায় ই-পিআরডি চেম্বারের ম্যানহোল কভার গুলো সার্বক্ষণিক লক থাকা প্রয়োজন। সাংপাঃশোঃ এর পানির ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাঙ্গ চেম্বারে কাস্ট আয়রন এবং মাইল্ড স্টীল ম্যানহোল কভার ব্যবহৃত হচ্ছে। মাইল্ড স্টীল ম্যানহোল কভার অনেক মজবুত এবং দীর্ঘ স্থায়ী। বিধায় মাইল্ড স্টীল ম্যানহোল কভার সরবরাহ করার লক্ষ্যে লক সিস্টেম যুক্ত ২৪ ইঞ্চি ব্যাসের ম্যানহোল কভারের নকশা প্রস্তুত করা হয়েছে। জরুরী ভিত্তিতে ম্যানহোল কভার ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:২৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৭৩,৭৬০.০১৬ (নয় লক্ষ ত্রিশতের হাজার সাতশত ষাট দশমিক শূন্য এক ছয়) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:২৯ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫২ এবং প্যাকেজ নং-G-23 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। সাপাঃশোঃ এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। ম্যানহোল কভারের নক্সা।
- ৪। অনুমোদিত নোট এবং দরের কপি।
- ৫। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৬। আলোচ্য কাজের ক্যালকুলেশন এবং প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:৩০ অপরাহ্ন



এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Procurement of 40" dia MS Manhole cover for water Transmission network of SWTP শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ ই-জিপি পোর্টাল এর মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৭৩,৭৬০.০১৬ (নয় লক্ষ ত্রিহাত্তর হাজার সাতশত ষাট দশমিক শূন্য এক ছয়) টাকা মাত্র। টাকা মাত্র এর অনুমোদন।




গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৬/৯/২৪ ১০:১৯ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/৯/২৪ ১২:২৬ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/৯/২৪ ১২:৫০ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/৯/২৪ ১২:৫০ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৬/৯/২৪ ৯:৪৮ অপরাহ্ন

Approved.

			
১৬/৯/২৪ ৯:৪৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১৬/৯/২৪ ১০:২২ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৯/৯/২৪ ৯:১৯ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৯/৯/২৪ ৯:১৯ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)